

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৭৪২

8/ মাসজিদ ও জামাআত (كتاب المساجد والجماعات) পরিচ্ছেদঃ ৪/৩. মসজিদসমূহ নির্মাণের বৈধ স্থান।

بَابِ أَيْنَ يَجُونُ بِنَاءُ الْمَسَاجِدِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ حَمَّادِ بْنِ سَلَمَةَ، عَنْ أَبِي التَّيَّاحِ الضُّبَعِيِّ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كَانَ مَوْضِعُ مَسْجِدِ النَّبِيِّ - صلى الله عليه وسلم - لِبَنِي النَّجَّارِ وَكَانَ فِيهِ نَخْلٌ وَمَقَابِرُ لِلْمُشْرِكِينَ فَقَالَ لَهُمُ النَّبِيُّ - صلى الله عليه وسلم - " ثَامِنُونِي بِهِ ". قَالُوا لاَ نَأْخُذُ لَهُ ثَمَنًا أَبَدًا . قَالَ فَكَانَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - يَبْنِيهِ وَهُمْ يُنَاوِلُونَهُ وَالنَّبِيُّ - صلى الله عليه وسلم - يَبْنِيهِ وَهُمْ يُنَاوِلُونَهُ وَالنَّبِيُّ - صلى الله عليه وسلم - يَبْنِيهِ وَهُمْ لِينَاوِلُونَهُ وَالنَّبِيُّ - صلى الله عليه وسلم - يَقُولُ " أَلاَ إِنَّ الْعَيْشَ عَيْشُ الآخِرَةِ فَاغْفِرْ لِللَّنْصَارِ وَالْمُهَاجِرَةِ " . قَالَ وَكَانَ النَّبِيُّ - صلى الله عليه وسلم - يُصلِي قَبْلَ أَنْ يَبْنِي لللهَ عَليه وسلم - يُصلِي الله عليه وسلم - يُصلِي قَبْلَ أَنْ يَبْنِي الْمَسْجِدَ حَيْثُ أَدْرَكَتُهُ الصَّلاَةُ .

বাংলা

১/৭৪২। আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসসাল্লাম-এর মসজিদের স্থানটি ছিল নাজ্জার গোত্রের, সেখানে কিছু সংখ্যক খেজুর গাছ এবং মুশরিকদের কবর ছিল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বলেনঃ তোমরা এই জমিখন্ড আমার নিকট বিক্রয় করো। তারা বলেন, আমরা কখনো এর বিনিময় মূল্য গ্রহণ করবো না। রাবী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাসজিদ নির্মাণের কাজ শুরু করেন এবং সাহাবীগণ তাঁকে মাটি ও কাদা দিতে থাকেন। আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতে থাকেনঃ আখেরাতের জীবনই প্রকৃত জীবন। আপনি আনসার ও মুহাজিরদের ক্ষমা করুন। ইতোপূর্বে যেখানেই সালাতের ওয়াক্ত হয়ে যেতো, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানেই সালাত আদায় করতেন।

English

It was narrated that Anas bin Malik said:

"The location where the Prophet's Mosque was built belonged to Banu Najjar.



In it there were date-palm trees and graves of the idolaters. The Prophet said to them: 'Name its price.' They said: 'We will never take any money for it.' The Prophet built it and they were assisting him, and the Prophet was saying: 'The real life is the life of the Hereafter so forgive the Ansar and the Muhajirah.' Before the mosque was built, the Prophet would perform prayer wherever he was when the time for prayer came."

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: রুখারী ২৮৩৪, ৩৭৯৫, ৬৪১৩; মুসলিম ১৮০১-৪, আহমাদ ১১৭৬৮, ১২৩১১, ১২৩২১, ১২৩৪৬, ১২৪৩৯, ১২৫৩৯, ১২৭১৪, ১২৭৯৬, ১২৮৪৬, ১৩১৪৯, ১৩২৩৪, ১৩৫০৯, ১৩৫৪৩, ১৩৬৫৪।

তাহক্লীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহ আবূ দাউদ ৪৭৭-৪৭৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন